



জীবন বীমা কর্পোরেশন প্রধান কার্যালয়, ঢাকা

নং- ৫৩.১৯.৯০০১.০০২.০০.০০০.২০- ৭৮৮৫

তারিখঃ ২৫ ভাদ্র, ১৪২৮
০৯ সেপ্টেম্বর, ২০২১

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জীবন বীমা কর্পোরেশনের কর্তৃপক্ষ শুন্য পদ পূরণের লক্ষ্যে গত ০৩-৯-২০২১ তারিখে অনুষ্ঠিত উচ্চমান সহকারী পদে এবং ০৪-৯-২০২১ তারিখে অনুষ্ঠিত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক পদে লিখিত (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের যথাযথ যাচাইয়ের লক্ষ্যে লিখিত (বর্ণনামূলক) পরীক্ষা গ্রহণের বিষয়ে বাছাই কমিটি কর্তৃক সিঙ্কান্ত গ্রহণ করা হয়েছে। তদপ্রেক্ষিতে আগামী ১৮-৯-২০২১ তারিখ শনিবার সকাল ১১:০০টা হতে ১২:৩০টা পর্যন্ত দেড় ঘন্টা ব্যাপি উচ্চমান সহকারী ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে এবং সকাল ১১:০০টা হতে ১২:০০টা পর্যন্ত এক ঘন্টা ব্যাপি অফিস সহায়ক পদে লিখিত (বর্ণনামূলক) পরীক্ষা সিঙ্কেশ্বরী কলেজ, সিঙ্কেশ্বরী, মগবাজার, ঢাকায় অনুষ্ঠিত হবে। এদত্তসংক্রান্ত বিষয়টি টেলিটকের এসএমএস-এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে নিশ্চিত করা হবে। পরীক্ষায় অন্যান্য নির্দেশাবলী নিম্নরূপ:

- (১) উক্ত পরীক্ষার জন্য নুতন কোন এডমিট কার্ড ইস্যু করা হবে না। লিখিত (MCQ) পরীক্ষায় ইস্যুকৃত এডমিট কার্ডই এ পরীক্ষায় ব্যবহার করতে হবে। এডমিট কার্ড ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
- (২) সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি আবশ্যিকীয়ভাবে প্রতিপালন এবং মাঝে পরিধানপূর্বক পরীক্ষা শুরুর কমপক্ষে আধ ঘন্টা পূর্বে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।
- (৩) পরীক্ষায় স্বচ্ছ কালো বল পেন ব্যবহার করতে হবে।
- (৪) পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার ইলেক্ট্রনিক ডিবাইস বা মোবাইল বা ক্যালকুলেটর বা ডিভিটাল ঘড়ি আনা যাবে না।
- (৫) পরীক্ষায় কোন প্রকার অসদুপায় অবলম্বন করলে কিংবা নিয়ম-শৃঙ্খলা পরিপন্থী কোন কাজে লিপ্ত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। উপরোক্ত নির্দেশাবলী প্রতিপালনপূর্বক নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত (বর্ণনামূলক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রার্থীগণকে অনুরোধ করা হলো। নিয়োগ পরীক্ষা সুষ্ঠু ও স্বচ্ছতার সাথে সম্পাদনের বিষয়ে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

২৫/৯/২১

(মোহাম্মদ মাহবুবুল আলম)
সহকারী জেনারেল ম্যানেজার-প্রশাসন

ও
সদস্য-সচিব, বাছাই কমিটি।

বিতরণ:

- ১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, জীবন বীমা কর্পোরেশন- ওয়েবসাইটে প্রকাশ ও প্রচারের জন্য।
- ২। ম্যানেজার-জনসংযোগ, জীবন বীমা কর্পোরেশন- নোটিশ বোর্ডে প্রচারের জন্য।

অনুলিপি: সদয় অবগতির জন্য-

- ১। আস্থায়ক, বাছাই কমিটি, জীবন বীমা কর্পোরেশন।
- ২। সদস্য (সকল), বাছাই কমিটি, জীবন বীমা কর্পোরেশন।